



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

পত্র নং- গাগা/প্রকা/প্রচার/ ২০২১- ৮৯৩(১০)

তারিখ : ১৫/০৮/২০২১

প্রেস রিলিজ

১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব সহ পরিবারের সবাই কিছু বিপথগামী সেনা সদস্যের হাতে নৃসংশ হত্যাযজ্ঞের শিকার হন। জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট, ২০২১ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম এর নেতৃত্বে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ, দুঃস্থ পরিবারের মাঝে ত্রাণ বিতরণ, পবিত্র কোরান তেলাওয়াত, দোয়া মাহফিল ও মুনাজাত অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের ২য় পর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবনের উপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতি কাজী জেবুন্নেছা বেগম জাতির পিতার আদর্শকে লালন করে গার্ল গাইডের কার্যক্রমকে দৃঢ়তার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গাইড সদস্যদের প্রতি আহবান জানান। বঙ্গবন্ধুর স্মৃতিচারণ করে জাতীয় কমিশনার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শত সংগ্রামের মধ্য দিয়ে ষড়যন্ত্র উপেক্ষা করে স্বাধীনতা এনে দেন। তলাবিহীন ঝুঁড়ির বাংলাদেশকে আজ তাঁরই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা উপচেপড়া ঝুঁড়িতে পরিণত করেছেন। এ যাত্রা অব্যাহত থাকবে। তিনি উপস্থিত সকল গাইড সদস্যকে বঙ্গবন্ধুর আদর্শকে লালন করে পথ চলারও কথা বলেন তিনি।

বঙ্গবন্ধুর বিশাল রাজনৈতিক জীবন, জেল জুলুম ও কর্মময় জীবনের উপর কবিতা আবৃত্তি, মুক্ত আলোচনায় অংশ নেন ডেপুটি জাতীয় কমিশনার সাবিনা ফেরদৌস (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম), কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, সহযোগি কোষাধ্যক্ষ অধ্যক্ষ রাফিকা আফরোজ, গাইড কমিশনার নুরজাহান আরা বেগম, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, গাইড সদস্য নাজনীন কবির চৌধুরী, হলদে পাখি, গাইড ও রেঞ্জার। অনুষ্ঠানে জুম অ্যাপ এ যুক্ত হয়ে, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, আঞ্চলিক কমিশনার ও গাইড সদস্যবৃন্দ বঙ্গবন্ধুর সাথে ছোট ছোট স্মৃতি তুলে ধরেন।

এছাড়া ৮ আগস্ট, বঙ্গ মাতা বেগম ফজিলাতুননেছা মুজিব ঐর ৯১তম জন্মবার্ষিকী উপলক্ষে 'সংকটে সংগ্রামে নির্তীক সহযাত্রী' প্রতিপাদ্যকে অনুসরণ করে আলোচনার মাধ্যমে বঙ্গমাতার কর্মময় জীবনের দিনগুলো নতুন প্রজন্মের কাছে তুলে ধরা হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সকল অঞ্চল যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বেও সাথে দিনটি পালন করে।



স্বাক্ষরিত/-

সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা